15 February 2024

## National & International News

<table>
<tr>
<td>

**CMS COP14**




</td>
<td>

প্রসঙ্গ:

- কনফারেন্স অফ দ্য পার্টিস টু দ্য কনভেনশন অন দ্য কনজারভেশন অফ মাইগ্রেটরি স্পিসিস অফ ওয়াইল্ড অ্যানিমালস **(CMS COP14)** সম্মেলনের 14তম সভাটি নীচে উল্লিখিত তারিখে ও স্থানে অনুষ্ঠিত হবে:
- তারিখ**:** ফেব্রুয়ারি 12 থেকে 17, 2024
- অবস্থান**:** সমরকন্দ, উজবেকিস্তান

থিম এবং তাৎপর্য

- থিম**: "Nature knows no borders"**
- তাৎপর্য**:** এটি পরিযায়ী প্রজাতির সংরক্ষণে আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজনীয়তা তুলে ধরে এবং জোর দেয় যে, প্রজাতিগুলির বেঁচে থাকা রাজনৈতিক সীমারেখার ঊর্ধ্বে গিয়ে পরিবেশগত প্রচেষ্টার উপর নির্ভর করে।

বিশ্বব্যাপী তাৎপর্য**:**

- 2022 সালে কুনমিং-মন্ট্রিল গ্লোবাল বায়োডাইভারসিটি ফ্রেমওয়ার্ক (বায়োডাইভারসিটি প্ল্যান) গ্রহণ করার পর থেকে এটি সবচেয়ে উল্লেখযোগ্য বৈশ্বিক জীববৈচিত্র্য সমাবেশগুলির মধ্যে একটি।

ফোকাস এরিয়া

- বাসস্থান সংরক্ষণ এবং পুনরুদ্ধার
- অতিরিক্ত শোষণ, বাসস্থানের ক্ষতি এবং খণ্ডিতকরণ, দূষণ এবং জলবায়ু পরিবর্তনের মতো সমস্যা মোকাবেলা করা

পদক্ষেপ**:**

- GBF বাস্তবায়ন সমর্থন করা
- বিশ্বের পরিযায়ী প্রজাতি এবং নির্দেশিকাগুলির প্রধান ও নতুন প্রতিবেদন তৈরি করা।

তুমি কি জানতে**?**

- পরিযায়ী প্রজাতির সংরক্ষণের কনভেনশনটি বন **(Bonn)** কনভেনশন নামেও পরিচিত।
- এটি **1979** সালের **23**শে জুন জার্মানির বন নামক শহরে স্বাক্ষরিত হয়েছিল।
- এটি পরিযায়ী প্রাণী এবং তাদের আবাসস্থল সংরক্ষণ এবং যথোপযুক্তভাবে ব্যবহার করার জন্য জাতিসংঘের পরিবেশ কর্মসূচির অধীনে একটি পরিবেশগত চুক্তি।

</td>
</tr>
</table>

To get free Live Classes, Materials Scan this QR Code & Download our Adda247 App

## হাই অল্টিটিউড সিউডো-স্যাটেলাইট (HAPS)



প্রসঙ্গ:

- সম্প্রতি, বেঙ্গালুরুতে ন্যাশনাল অ্যারোস্পেস ল্যাবরেটরিজ **(NAL)** দ্বারা একটি অ্যাডভান্সড আনম্যানড এরিয়াল ভেহিকল বা উন্নত মনুষ্যবিহীন আকাশযানের **(UAV)** একটি প্রোটোটাইপ সফলভাবে উড্ডয়ন করা হয়েছে, যা নিঃসন্দেহে একটি উল্লেখযোগ্য প্রযুক্তিগত অগ্রগতি।

সম্পর্কিত:

- সংজ্ঞা: এটি একটি সৌর-চালিত মনুষ্যবিহীন বায়বীয় যান (UAV) যা স্ট্র্যাটোস্ফিয়ারে (ভূমি থেকে **20** কিমি উপরে) রকেট উৎক্ষেপণের প্রয়োজন ছাড়াই কাজ করে।
- ডিজাইন: পূর্ণাঙ্গ সংস্করণটির একটি 30-মিটার উইং (wing) রয়েছে। এটির ওজন 150 কেজি, প্রতি ঘন্টায় 80-100 কিমি বেগে কাজ করা এবং 15 কেজি পর্যন্ত পেলোড বহন করার ক্ষমতা রয়েছে। এছাড়াও, এটি 17-20 কিলোমিটার উচ্চতায় 90 দিন বায়ুবাহিত অবস্থায় থাকতে পারে।

**HAPS** এর সুবিধা

- কস্ট-এফেক্টিভ: স্যাটেলাইটের তুলনায় এটির নির্মাণ, উৎক্ষেপণ এবং পরিচালনার খরচ কম।
- চলন: স্যাটেলাইটের তুলনায় এটিকে সহজেই বিভিন্ন স্থানে সরানো যায়।
- অন্তর্ভুক্তি: এটি বড় এলাকাকে অন্তর্ভুক্ত করতে পারে (প্রায় 500 কিমি ব্যাসযুক্ত) এবং একাধিক গ্রাউন্ড স্টেশনের সাথে লিঙ্ক করতে পারে।
- গতি এবং ল্যাটেন্সি: মাটির কাছাকাছি থাকার জন্য বেশি ট্রান্সমিশন গতি এবং কম বিলম্ব এটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।
- পুনর্নবীকরণ এবং পুনঃব্যবহার: এর পেলোডগুলি পর্যায়ক্রমে পুনরায় কনফিগার করা যেতে পারে।

## ই-জাগৃতি পোর্টাল

প্রসঙ্গ:

- ভোক্তা বিষয়ক সচিব ভোক্তা আদালতে বিচারাধীন মামলা কমানোর জন্য 'ই-জাগৃতি' পোর্টালে কৃত্রিম বুদ্ধিমত্তার সম্ভাব্যতা তুলে ধরেন।

সম্পর্কিত:

- এটি ভোক্তা বিষয়ক দপ্তর, ভোক্তা বিষয়ক মন্ত্রণালয়, খাদ্য ও পাবলিক ডিস্ট্রিবিউশনের একটি উদ্যোগ।
- এটি ভোক্তা কমিশনের জন্য একটি পোর্টাল হিসাবে কাজ করে।
- এটির লক্ষ্য গ্রাহকের অভিজ্ঞতা আরও ভাল করা এবং বাড়ানো।
- একটি সহজ, দ্রুত, এবং সাশ্রয়ী ভোক্তা বিরোধ নিষ্পত্তি সফ্টওয়্যার সল্যুশন হিসেবে কাজ করে।
- এটি OCMS, E-Dakhil, NCDRC কেস মনিটরিং সিস্টেম, CONFONET ওয়েবসাইট এবং মেডিয়েশন অ্যাপ্লিকেশনসহ একটি একক প্ল্যাটফর্মে বিভিন্ন ভোক্তা অভিযোগ প্ল্যাটফর্মের একীকরণ ঘটায়।
- এর বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে কেস ফাইলিং, অনলাইন ফি প্রদান,

| | |
|---|---|
| | এবং সমস্ত কমিশনের দ্বারা মামলাগুলির নির্বিঘ্ন নিষ্পত্তির জন্য কেস মনিটরিং মডিউল।<br>● আর্কাইভ করে রাখা ভোক্তাদের অভিযোগ/কেস/বিচার, মেটাডেটা, কীওয়ার্ড তৈরি, কেসের রায়ের ভয়েস-টু-টেক্সট রূপান্তর, মামলার ইতিহাস এবং অন্যান্য বিবরণে স্মার্ট সার্চ সুবিধার জন্য **AI** প্রযুক্তি ব্যবহার করে।<br>● এটি ভোক্তা অভিযোগের সুবিধাজনক এবং সুলভ সমাধানের জন্য একটি ভার্চুয়াল আদালতের সুবিধা সংহত করবে। |
| অটোইমিউন রোগে এক্স ক্রোমোজোমের ভূমিকা | প্রসঙ্গ:<br>2023 সালের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়েরএকটি সমীক্ষায় বলা হয়েছে, যে জনসংখ্যার উপর তাঁরা গবেষণা চালিয়েছিলেন, তাদের প্রায় 10% মানুষ অটোইমিউন রোগে আক্রান্ত। এর মধ্যে 13% মহিলা এবং 7% পুরুষ।<br><br>গুরুত্বপূর্ণ দিক:<br>অটোইমিউন রোগ কী**?**<br>● অটোইমিউন রোগ তখনই ঘটে যখন শরীরের ইমিউন সিস্টেম ভুলবশত সুস্থ কোষ**,** টিস্যু এবং অঙ্গ আক্রমণ করে।<br>● এটি শরীরের যেকোনো অংশকে প্রভাবিত করতে পারে, শারীরিক ক্রিয়াকলাপকে দুর্বল করতে পারে এবং জীবনহানিও ঘটাতে পারে।<br>● এক্ষেত্রে, এই রোগের কোন নিরাময় নেই, তবে এর চিকিত্সা উপসর্গগুলি পরিচালনা করতে সাহায্য করতে পারে। এগুলি বেশিরভাগ ক্ষেত্রে মারাত্মক নয়।<br><br>মহিলাদের সহজে প্রভাবিত হবার ক্ষমতা<br>● পুরুষদের তুলনায় মহিলারা অটোইমিউন রোগে বেশি সংবেদনশীল হন।<br>● পরিবেশগত কারণ**,** জেনেটিক্স**,** হরমোনের ভারসাম্যহীনতা এবং জীবনযাত্রার অভ্যাসের মতো কারণগুলি এক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।<br>● বিজ্ঞানীরা আগে ভেবেছিলেন এটি যৌন হরমোন বা এক্স ক্রোমোজোমের ত্রুটিপূর্ণ নিয়ন্ত্রণের সাথে সম্পর্কিত হতে পারে।<br>● মহিলাদের **X** ক্রোমোজোমের অর্ধেকের মধ্যে পাওয়া একটি আণবিক আবরণ এই সংবেদনশীলতার কারণ হতে পারে। |
| **14**ইফেব্রুয়ারি**:** ব্ল্যাক ডে | ● ভারত পুলওয়ামা সন্ত্রাসী হামলার পঞ্চম বার্ষিকী পালন করছে।<br>● 2019 সালে জইশ-ই-মোহাম্মদ (JM) নামক আতঙ্কবাদী গোষ্ঠীর হামলার জন্য **14**ইফেব্রুয়ারি দিনটিকে ব্ল্যাক ডে হিসাবে বিবেচনা করা হয়।<br>● এই হামলার ফলে কমপক্ষে 40 জন কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ) কর্মী নিহত হন।<br><br>বালাকোট এয়ার স্ট্রাইক<br>● ভারতীয় নিরাপত্তা বাহিনী পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশের বালাকোট অঞ্চলে **2019** সালের **26**শে ফেব্রুয়ারি **'**অপারেশন বান্দর**'** **(**অর্থাৎ বাঁদর**)** নামে একটি প্রতিআক্রমণ পরিচালনা করে।<br>● এই অপারেশনটি ছিল মুলত নিয়ন্ত্রণ রেখা (LOC) থেকে আনুমানিক |

| | |
|---|---|
| | 50 কিলোমিটার দূরে অবস্থিত জয়শ-ই-মোহাম্মদ (জেএম) জঙ্গী ক্যাম্পগুলিতে বিমান হামলা করা।<br>• ভারতীয় বিমান বাহিনী (IAF) এই হামলায় ইস্রায়েলের তৈরি **"স্মার্ট বোমা"** এবং **12**টি মিরাজ **2000** যুদ্ধবিমান ব্যবহার করেছে। এর ফলে অনেক সন্ত্রাসবাদী নিহত হয়েছে বলে জানা গেছে।<br>• এই অপারেশনটির মাধ্যমে **1971** সালের যুদ্ধের পর প্রথমবারের মতো ভারত পাকিস্তানে বিমান হামলা চালায়। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.*